

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭২৬

১/ বিবিধ

আরবী

إن اللوح المحفوظ الذي ذكر الله: (بل هو قرآن مجيد في لوح محفوظ) في جبهة  
إسرائيل  
ضعيف

أخرجه الطبري في " التفسير " (30 / 90) عن قرّة بن سليمان قال: حدثنا حرب بن سريج قال: حدثنا عبد العزيز بن صهيب عن أنس بن مالك قال: فذكره موقوفا عليه، وكذلك أورده ابن أبي حاتم في " العلل " (2 / 67) وقال: " قال أبي: هذا حديث منكر، وقرّة مجهول ضعيف الحديث ". وقال في " الجرح والتعديل " (3 / 2 / 131): " قرّة بن سليمان الجهضمي الأزدي جليس حماد بن زيد، روى عن هشام بن حسان ومعاوية بن صالح، روى عنه أبو الوليد الطيالسي وعمرو بن علي، سألت أبي عنه؟ فقال: ضعيف الحديث ". وحرب بن سريج قال الحافظ: " صدوق يخطئ ". والحديث أورده ابن كثير في " تفسيره " (9 / 170 - منار)

ساكتا عليه وأتبعه برواية ابن أبي حاتم - يعني في " التفسير " - بسنده عن أبي صالح: حدثنا معاوية بن صالح أن أبا الأعيس - هو عبد الرحمن بن سلمان - قال: " ما من شيء قضى الله، القرآن فما قبله وما بعده لا وهو في اللوح المحفوظ واللوحة المحفوظ بين عيني إسرائيل، لا يؤذن له بالنظر فيه ". قلت: وهذا مع كونه مقطوعا موقوفا على أبي الأعيس، ففي السند إليه أبو صالح وهو عبد الله بن صالح كاتب الليث، وفيه ضعف من قبل حفظه، على أن أبا الأعيس نفسه لم يوثقه غير ابن

حبان، أورده في " ثقات التابعين " وقال: " يروي عن رجل من أصحاب النبي صلى الله عليه وسلم ". قلت: والظاهر من ترجمة " التهذيب " له أنه من أتباع التابعين. والله أعلم. وقد ساق له الدولابي في " الكنى " ( 1 / 118 ) آثار أخرى، ولم يذكر له حديثا مرفوعا

বাংলা

৭২৬। লাওহুল মাহফুয যাকে আল্লাহ তা'আলা উল্লেখ করেছেন (বরং সেটি মহান কুরআন, লাওহুল মাহফুযে লিপিবদ্ধ) সেটি ইসরাঈলের ললাটে রয়েছে।

হাদীছটি দুর্বল।

এটি তাবারী “আত-তফসীর” (৩০/৯০) গ্রন্থে কুররাহ ইবনু সুলায়মান হতে আনাস (রাঃ) হতে মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। অনুরূপভাবে ইবনু আবী হাতিম “আল-ইলাল” (২/৬৭) গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ আমার পিতা বলেনঃ এ হাদীছটি মুনকার। কুররাহ মাজহুল, হাদীছের ক্ষেত্রে দুর্বল।

তিনি "আল-জারহ ওয়াত-তাদীল" (৩/২/১৩১) গ্রন্থে বলেনঃ আমি আমার পিতাকে কুররাহ ইবনু সুলায়মান সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম? তিনি বলেনঃ তিনি হাদীছের ক্ষেত্রে দুর্বল।

হারব ইবনু সুরায়েজ সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি সত্যবাদী, ভুল করতেন।

হাদীছটি অন্য একটি সূত্রে ইবনু কাছীর তার “তফসীর” গ্রন্থে বর্ণনা করেছেন। তবে সনদটি মাকতু। এ ছাড়াও এ সনদটিতে আবু সালেহ আব্দুল্লাহ ইবনু সালেহ নামে এক বর্ণনাকারী রয়েছেন। হেফযে ত্রুটি থাকার কারণে তার মধ্যে দুর্বলতা রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71605>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন